মেহেরপুরে প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরণ

২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)’র অর্থায়নে মেহেরপুর সদর উপজেলা ব্যাপী চলাচলে অক্ষম প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে হুইল চেয়ার বিতরণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুরের মেহেরপুর সদর উপজেলা পরিষদ চত্বরে ৪৩ জন জন্মগত চলাচলে অক্ষম প্রতিবন্ধীদের মাঝে এসকল হুইল চেয়ার বিতরণ করা হয়।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে, উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নিজ হাতে এ সকল হুইল চেয়ার বিতরণ করেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর সদর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ লতিফুন নেছা লতা।

এসময় চলাচলে অক্ষম প্রতিবন্ধীরা হুইল চেয়ার পেয়ে উৎফুল্লতা প্রকাশ করে।

মেহেরপুরে জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা অনুষ্ঠিত

“শিক্ষা নিয়ে গড়বো দেশ, শেখ হাসিনার বাংলাদেশ” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুর সদর উপজেলা পর্যায়ে জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর সদর উপজেলা পরিষদ মিলনায়তন এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সদর উপজেলা পরিষদের উদ্যোগে আয়োজিত প্রতিযোগিতার উদ্বোধন ঘোষণা করেন,মেহেরপুর সদর উপজেলা শিক্ষা অফিসার আপিল উদ্দীন।

এসময় মেহেরপুর সদর উপজেলার বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থী স্বতঃস্ফূর্তভাবে প্রতিযোগিতায় অংশ গ্রহণ করে তাদের প্রতিভা দেখায়।

বাধ্য হয়ে সেই বাইসাইকেল নিলেন গ্রাম পুলিশরা

নিম্নমানের বাইসাইকেলের অভিযোগ এনে ফিরে যাওয়ার মাত্র একদিন পর সেই বাইসাইকেল গ্রহণ করলেন মেহেরপুরের ১৭৫ গ্রাম পুলিশ (দফাদার-মহল্লাদার)।

মেহেরপুরের গ্রাম পুলিশ (দফাদার-মহল্লাদার)দের জন্য টেন্ডারে নেওয়া বাইসাইকেল বিভিন্ন কোম্পানীর যন্ত্রাংশ দিয়ে তৈরী নিম্নমানের উল্লেখ করে মুজিবনগর উপজেলার তিনটি ইউনিয়নের গ্রাম পুলিশ (দফাদার-মহল্লাদার) গণ ক্ষোভ নিয়ে বাড়ি ফিরে যান।

তবে দারিয়াপুর ইউনিয়নের অধিকাংশ গ্রাম পুলিশ (দফাদার-মহল্লাদার ) বাইসাইকেলসহ অন্যান্য মালামাল গ্রহণ করেছিলেন।

ঠিকাদারী প্রতিষ্ঠান ঢাকার ঝুমা এন্টার প্রাইজের একজন স্বত্বাধীকার পরিচয়ের আব্দুর রাজ্জাক বলেছেন, ঠিকাদারী প্রতিষ্ঠান স্যাম্পলে যে বাইসাইকেল দিয়েছিল সেটাই সরবরাহ করেছে। এখানে দুর্নীতির কোনো আশ্রয় নেওয়া হয়নি। তিনি বলেন, বরং অন্যান্য মালামালগুলোর মধ্যে কিছু মাল রয়েছে যেগুলো দরপত্রের দেওয়া দামের অধিক মূল্য দিয়ে কেনা হয়েছে। এক্ষেত্রে আমরা লাভের কথাটা ভাবিনি।

তবে, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক (ডিডি এলজি) মৃধা মো: মুজাহিদুল ইসলামের মোবইল ফোন কথা বলার চেষ্টা করা হলে ফোনে

পাওয়া যায়নি।

বাইসাইকেল নিম্নমানের দিয়েছে অভিযোগ এনে গত মঙ্গলবার সাইকেল নিলেন না। অথচ, একদিন পরেই আবার বাইসাইকেল নিলেন এমন প্রশ্ন করলে নাম প্রকাশ না করার শর্তে কয়েকজন গ্রাম পুলিশ জানালেন ভাই এব্যাপারে আমাদের কোনো প্রশ্ন করবেন না। আমরা সরকারের সব চাইতে ছোট কর্মচারী। বাধ্য হয়ে নিতে হয়েছে।

গতকাল বুধবার সকালে মেহেরপুর জেলা প্রশাসন কার্যালয় চত্বরে এ সকল বাইসাইকেল, ও তাদের পোশাক প্যান্ট-শার্ট, জুতা,ছাতা, টর্চ লাইট ও অন্যান্য সরঞ্জাম বিতরণ করা হয়।

এসব নিম্ন মানের জোড়াতালি দিয়ে তৈরি বাসাইকেল ব্যবহার যোগ্য না বলে গতকাল ফিরিয়ে দিয়েছিলেন অধিকাংশ দফাদার ও মহল্লাদারা।

এইসব বাইসাইকেলর অধিকাংশই নিম্ন মানের বিভিন্ন কম্পানির খুচরা যন্ত্রাংশ জোড়াতালি দিয়ে তৈরি করা বলে জানিয়েছিলেন গ্রাম পুলিশরা। বাইসাইকেল গুলোর উপরে হিরো জেট লেখা থাকলেও হ্যান্ডেল, প্যাডেল, মাঠর্গাড, চাকা বিভিন্ন কোম্পানির।

জানা গেছে, মেহেরপুরের ১৮ টি ইউনিয়ন পরিষদে ১৭৫ জন কর্মরত গ্রাম পুলিশদের (দফাদার ও মহল্লাদার) ২০২১-২০২২ অর্থ বছরে পোশাক ও সরঞ্জামাদি বিতরণের জন্য ৩৮ লক্ষ ৪৩ হাজার ৭৫০ টাকার প্রকল্প নেয় স্থানীয় সরকার বিভাগ।
তবে, বাইসাইকেল ব্যবসায়ীরা জানিয়েছেন যে কোম্পানীর সাইকেল হবে সেটির সব অংশই একই কোম্পানীর হবে। বিভিন্ন অংশ দিয়ে জোড়াতালি দিয়ে তৈরী বাইসাইকেল প্রতিষ্ঠিত কোনো কোম্পানীর হতে পারেনা। সিডিউল অনুযায়ী প্রতিটি বাইসাইকেলের মূল্য সাড়ে ১০ হাজার টাকা ধরা হলেও বাজারে নামী কোম্পানীর দামী ব্র্যান্ডের সাইকেলের মূল্য সাড়ে ৭ হাজার থেকে ৮ হাজার ২ শ টাকা বলে জানিয়েছেন বাইসাইকেল ব্যবসায়ীরা।

কোটচাঁদপুরে বিষধর সাপের কামড়ে প্রান গেল গৃহবধূর

নিজের জমির ধান নিয়ে ঘরে ফেরা হলো না এক গৃহবধূর। বিষধর সাপের কামড়ে প্রাণ গেল মধুমালা (৪০) নামে দুই সন্তানের এক জননীর।

গতকাল বুধবার সন্ধায় ঘটনাটি ঘটেছে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার হরিন্দিয়া গ্রামে। মধুমালা ওই গ্রামের ঝামাঘাটা এলাকার মইদুল ইসলামের স্ত্রী।

পরিবার সূত্রে জানাযায়, ধান কাটার মৗসূমে স্বামীর কৃষিকাজে সহায়তা করার জন্য স্ত্রী মধুমালা সন্ধায় ঝামাঘাটা এলাকায় মাঠে যায়। এসময় একটি বিষধর সাপ তার পায়ে কামড় দেয়। গৃহবধূর শরীরে সাপে দংশন করেছে,তা তিনি বুঝতে পারেননি।

পরবর্তিতে সে ছটফট করে অসুস্থ্য হয়ে পড়ে। পরে পরিবারের লোকজন স্থানীয় এক কবিরাজের নিলে তিনি রোগীকে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে পাঠায়।

রাত সাড়ে ৮ টার দিকে তাকে উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক ডাঃ মোঃ সাব্বির আহমেদ তাকে মৃত ঘোষণা করেন। এঘটনায় পরিবার ও এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

কুষ্টিয়ায় জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে পুরষ্কার বিতরণ

কুষ্টিয়া সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আতাউর রহমান আতা বলেছেন, লেখাপড়ার পাশাপাশি ক্রীড়া ও সংস্কৃতি চর্চায় সমান গুরুত্ব দিতে হবে। শিক্ষা ও অভিভাবকদের খেয়াল রাখতে হবে কোনো শিক্ষার্থী যাতে স্কুল থেকে ঝরে না পড়ে।

তিনি বলেন, মেধাবীদের মধ্য থেকে সেরা মেধাবী নির্বাচনের এ

প্রতিযোগিতার ফলে মেধাবীদের মূল্যায়ন বাড়বে। সেরা মেধাবীদের পুরস্কৃত করা হলে অন্যরাও উৎসাহিত হবে। তাই পড়ালেখার পাশাপাশি সর্বক্ষেত্রে প্রতিযোগীতা অংশ্রগ্রহণ করা প্রয়োজন।

গতকাল বুধবার বিকালে কুষ্টিয়া জেলা স্কুল মিলনায়তনে অনুষ্ঠিত জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২২ উদযাপন উপলক্ষে জেলা পর্যায়ের মাধ্যমিক স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে সহপাঠ্যক্রম ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরষ্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

পড়ালেখার পাশাপাশি মেধাবীদের মধ্য থেকে সেরাদের খুঁজে বের করতে হবে উল্লেখ করে জেলা অনুষ্ঠানের সভাপতি ইউএনও সাধন কুমার বিশ্বাস বলেন, আমাদের সব শিক্ষার্থীই মেধাবী, তবে মেধাবীদের মধ্য থেকে সেরাদের খুঁজে বের করতে এ প্রতিযোগিতার আয়োজন করা হয়। তিনি বলেন, কুষ্টিয়ায় শিক্ষা ক্ষেত্রে ব্যাপক উন্নয়ন মুলক কর্মকান্ড করেছেন সাংসদ মাহবুব উল আলম হানিফ এমপি।

কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সাধন কুমার বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন কুষ্টিয়া সদর উপজেলা শিক্ষা অফিসার একরামুল হক সরকার, কুষ্টিয়া জিলা স্কুলের প্রধান শিক্ষক এফতেখাইরুল ইসলাম, আফসার উদ্দিন ফাজিল মাদ্রাসার প্রিন্সিপাল হাফেজ মাওলানা আব্দুল করিম। অনুষ্ঠান শেষে উপজেলার শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান, শ্রেষ্ঠ শিক্ষকসহ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মাঝে বিভিন্ন প্রতিযোগীতায় অংশ নেওয়া বিজয়ী শিক্ষার্থীসহ মোট জনের মাঝে সনদপত্র তুলে দেন অতিথিবৃন্দ।

অনুষ্টানটি সঞ্চালনা করেন জেলা শিক্ষা অফিসের সহকারী পরিদর্শক ইলিয়াস কাঞ্চন। এসময় শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানসহ শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

গাংনীতে সামাজিক সচেতনতা সৃষ্টি ও আর্থ সামাজিক উন্নয়নে কাজ করছে দি হাঙ্গার প্রজেক্ট

হতদরিদ্রদের ঋণের জালে আটকিয়ে নি:স্পেশিত করে নয়, সামাজিক সচেতনতা বৃদ্ধি ও আয়বর্ধক প্রকল্প হাতে নিয়ে আত্মনির্ভরশীল জাতী হিসেবে গড়ে তোলার প্রশিক্ষণ দিয়ে এলাকায় আর্থ-সামাজিক উন্নয়নে কাজ করছে দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ।

শুধু বেকার যুবক যুবতীদের আত্ম সামাজিক উন্নয়নেই নয়, এসডিজি বাস্তবায়নে সরকারের সহযোগী হিসেবে কাজ করতে স্থানীয় সরকারের জনপ্রতিনিধি ও নারীদের ক্ষমতায়নেও কাজ করছেন সংস্থাটি।

ইতোমধ্যে গাংনী উপজেলার ৯ টি ইউনিয়নের নির্বাচিত জনপ্রতিনিধিদের শক্তিশালী করতে তাদের মাঝে বিভিন্ন সময়ে প্রশিক্ষণ দেওয়াসহ তাদের সাথে ৫ বছরের জন্য যৌথ চুক্তি সম্পাদন করে পঞ্চ বার্ষিকী পরিকল্পনা বাস্তবায়ন করছেন। বর্তমান সরকার কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে চিকিৎসা সেবা জনগণের দোর গোড়ায় পৌছে দিচ্ছে।

সংস্থ্যাটির উদ্দোগে গাংনী উপজেলার সকল কমিউনিটি ক্লিনিক ও ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে একটি করে অক্সিমিটার, ১টি করে বিপি মেসিন, ১টি করে ডিজিটাল জর মাপা মেসেন প্রদান করা হয়েছে

বৈশ্বিক সমস্যা করোনাকালিন সময়ে মানুষ যখন অর্থনৈতিকভাবে বিধস্থ হয়ে পড়েছিল তখন এলাকার করোনাই ক্ষতিগ্রস্ত ৬৬ জন ক্ষদ্র উদ্যোক্তাদের মাঝে নগদ ১০ হাজার টাকা করে প্রণোদনা প্রদান করেছেন সংস্থাটি।

এনজিওর ঋণের জাল থেকে মুক্ত করতে গাংনী উপজেলার বিভিন্ন গ্রামের ৫ হাজার হতদরিদ্র নারী পুরুষকে সমবায় ভিত্ত্বিক সংগঠণ গড়ে তুলতে সহায়তা করা হয়েছে।

দি হাঙ্গার প্রজেক্টের তত্বাবধানে গাংনী উপজেলার গাংনীর ৯ টি ইউনিয়নের ২১০ টি স্থানীয় সঞ্চয় ভিত্তিক সংগঠন গড়ে তোলা হয়েছে। যেখানে এসব সংগঠণের সঞ্চয়ের পরিমান প্রায় ২ কোটি টাকা।

তাদের সঞ্চয়কৃত ২ কোটি টাকা প্রায় ৫ হাজার পরিবারের সদস্যরা সুবিধা ভোগ করছেন।এদের সিংহভাগ টাকা তাদের গৃহীত বিভিন্ন লাভজনক খাতে বিনিয়োগ করা হয়েছে।

বাড়ির সাথে সবজী বাগান গড়ে তোলার লক্ষে গত শীত মৌসুমে এ উপজেলার প্রায় ৩ হাজার পরিবারের মাঝে বিভিন্ন সব্জীর বীজ বিতরণ করা হয়েছে। বর্তমানে ওই সব পরিবারের সদস্যরা বিষমুক্ত সবজী পাচ্ছেন এসব সবজী বাগান থেকে।

দি হাঙ্গার প্রজেক্টের গাংনী এরিয়া সমন্বয়কারী হেলাল উদ্দীন জানান, সবুজ বৃক্ষ আমাদের পরিবেশকে নতুন করে বাঁচার আশা দেখায় সে লক্ষকে সামনে নিয়ে তিন মাস ব্যাপী বৃক্ষরোপন প্রচারাভিযানের অংশ হিসেবে দি হাঙ্গার প্রজেক্টের উদ্যোগে ভিটামিন সি সমৃদ্ধ সবুজ গ্রাম গোড়ে তোলার লক্ষ্যে ১৪ হাজার দেশী লেবু ও পেয়ারার চারা বিতরণ করা হয়েছে।শুধু চারা বিতরণ নয়, হতদরিদ্র মানুষকে হাতে কলমে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

তিনি আরও জানান, ২০২২ সালের ২৫ এপ্রিল, গাংনী উপজেলার ২২টি স্কুল ও ২৬ এপ্রিল ২৩টি স্কুলসহ মোট ৪৫ টি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও স্কুল ব্যবস্থাপনা কমিটির সভাপতিদের সাথে শিক্ষার মান উন্নয়ন, ছাত্র ছাত্রী স্কুল থেকে ঝরে পড়া রোধ ও শিশু বিবাহ বন্ধে মতবিনিময় সভা করা হয়েছে।

দি হাঙ্গার প্রজেক্টের আয়োজনে গাংনী উপজেলা সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এ সভায় সভাপতিত্ত্ব করেন জনাব মীর হাবিবুল বাশার, প্রধান অতিথি ছিলেন মৌসুমী খানম, উপজেলা নির্বাহী কর্মকর্তা।

শুরুতেই প্রতিটি স্কুলের প্রধান শিক্ষক ও সভাপতিরা করোনা কালীন সময়ে স্কুলের বিভিন্ন ইতিবাচক উদোগের বর্ননা দেন এবং সমস্যা সমাধানের বিষয় আলোচনা করেন।

আলোচনা শেষে সভাপতি তার বক্তব্যে যে সকল স্কুল শিক্ষার মান উন্নয়নে ও ঝরে পড়া রোধে গুরুত্বপূর্ণ উদ্যোগ গ্রহন করেছেন তাদের আন্তরিক ভাবে ধন্যবাদ দেন এবং উক্ত ভালো উদ্যোগ গুলি যেন সকল বিদ্যালয় গ্রহন করেন সেই ব্যপারে অনুরোধ করেন।

গাংনীতে গ্রাহকের সাথে অসাদাচারণ করায় এনজিও সংস্থা উদ্দীপনের মাঠ কর্মীকে পিটিয়েছে

গ্রাহকদের সাথে অসাদাচারণের অভিযোগে এনে বেসরকারী সংস্থা উদ্দীপনের মাঠ কর্মী মাজেদুল ইসলামকে (২৫) পিটিয়েছে স্থানীয়রা। সামেদুল ইসলাম উদ্দীপন সংস্থার গাংনী অফিসের মাঠ কর্মী।

সোমবার বিকাল ৩ টার দিকে এ মারপিটের ঘটনা ঘটে। তবে, ঋণদান সংস্থা উদ্দীপনের গাংনী উপজেলা শাখার ব্যবস্থাপক রাজু জানান, ধানখোলা গ্রামের এক গ্রাহককে ঋণ দিতে না চাইলে স্থানীয় কিছু যুবকের সাথে মাঠকর্মী সামেদুল ইসলামের কথাকাটাটি হয়। একথাকাটির জের ধরে মারপিট করা হয়েছে।

স্থানীয়রা জানান, উদ্দীপনের অপর মাঠ কর্মী আহসান ইমাম গ্রাহকদের সাথে প্রতিনিয়ত অসাদাচারণ করে আসছেন। এব্যাপারে উদ্দীপনের চুয়াডাঙ্গা আঞ্চলিক ব্যবস্থাপককেও জানানো হয়েছে। বিষয়টি খোঁজ খবর নিয়ে ব্যবস্থা নেবেন বলে জানান তিনি।

সাংবাদিক আলমগীরের পিতার ইন্তেকাল

দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার দামুড়হুদা উপজেলা কুড়ুালগাছি ইউনিয়ন প্রতিনিধি সাংবাদিক আলমগীরের পিতা নুহুনবি মোল্লা ইন্তেকাল করেছেন (ইন্না-লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

সোমবার বেলা দুইটা সময় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬৫ বছর। তিনি কিডনি জনিত সমস্যায় ভুগছিলেন।

মৃত্যুকালে তিনি ছেলে মেয়েসহ অসংখ্য গুনাগ্রহী রেখে গেছেন। তার মৃত্যুতে এলাকায় নেমে আসে শোকের ছায়া।

আলমডাঙ্গায় ট্রেনের ধাক্কায় কিশোর আহত

আলমডাঙ্গা শহরের লালব্রিজের অদূরে অসাবধানতায় ট্রেনের ধাক্কায় হৃদয় (১৩) নামে এক কিশোর গুরুতর আহত হয়েছে। স্থানীয়রা তাকে উদ্ধার করে আলমডাঙ্গা উপজেলায় স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে উন্নত চিকিৎসার জন্য কর্তব্যরত চিকিৎসক কুষ্টিয়ায় রেফার্ড করেন।

সোমবার বিকেলে গোয়ালন্দ ঘাট থেকে ছেড়ে আসা লোকাল নকশিকাথা ট্রেনে এদূর্ঘটনা ঘটে।

আহত হৃদয় গাইবান্ধা জেলার আইনাল হকের ছেলে। সে বড় চাচা ও দুই ভাইয়ের সঙ্গে লালব্রিজের নিকট থাকে। হৃদয় আলমডাঙ্গা পৌরসভার উন্নয়ন কাজ প্রজেক্টের ড্রেনের মিস্ত্রী হিসেবে কর্মরত। বর্তমানে লালব্রিজের পাশেই তাবু টানিয়ে বসবাস করে।

প্রত্যক্ষদর্শী ট্রেনের যাত্রী চুয়াডাঙ্গা পৌর কলেজের ইংরেজি প্রভাষক সাদিকুল ইসলাম বলেন, ট্রেনযোগে কুষ্টিয়া থেকে চুয়াডাঙ্গায় আসছিলাম। আলমডাঙ্গা শহরে লালব্রিজের অদূরে পৌছালে রেললাইনের উপর বসে কানে হেডফোন লাগিয়ে সেলফি তুলছিল ওই কিশোর।

ট্রেনটি দূর থেকে হর্ণ দিলেও কিশোর টের পাইনি। ট্রেনের ধাক্কায় দূরে ছিটলে পড়ে। পরে ট্রেনটি একটু দূরে থেমে যায়। ট্রেন থেকে নেমে ঘটনাস্থলে পৌছানোর আগেই স্থানীয়রা কিশোরকে নিয়ে হাসপাতালে চলে যায়। প্রায় ৩০ মিনিট পর ট্রেনটি খুলনার উদ্দেশ্য ছেড়ে যায়।

স্থানীয়দের বরাত দিয়ে ওয়ার্ড কাউন্সিলর খন্দকার মুজিবুল হক বলেন, হৃদয় টিকটক ভিডিও করে। রেললাইনের পাশে, ট্রেন আসার সময়, লালব্রিজে উঠেও সেলফি, টিকটক করে। ড্রেনের কাজে জোয়ালে হিসেবে কর্মরত ছিল। লালব্রিজের নিকট তাবু টানিয়ে থাকে তারা। হয়তো বিকেলে কানে হেডফোন লাগিয়ে গান শোনার সময় এদূর্ঘটনা ঘটতে পারে।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, রেললাইনের উপর বসে হেডফোনে গান শুনছিল। অসাবধানতায় ট্রেনের ধাক্কায় আহত হয়েছে। উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া পাঠানো হয়েছে।

আলমডাঙ্গা উপজেলায় স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. আসাদুল্লাহ আল গালিব বলেন, কিশোরের মাথায় প্রচণ্ড আঘাত হয়েছে। প্রচুর রক্তক্ষরণ হচ্ছে, সাথে বমিও করছে। প্রাথমিক চিকিৎসা শেষে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।

কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা. আশরাফুল আলম বলেন, হৃদয় শঙ্কামুক্ত নয়। মাথায় ইনজুরি হয়েছে। চার হাত-পা নাড়াতে পারছেনা। প্রাথমিক চিকিৎসা দিয়ে ভর্তি করা হয়েছে।

অর্থের অভাবে শিক্ষার্থীদের যাতে লেখাপড়ায় কোন সমস্যা না হয় এজন্য এগিয়ে আসতে হবে

কুষ্টিয়া জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মুন্সী মোঃ মনিরুজ্জামান বলেছেন, অর্থের অভাবে মেধাবী ও দরিদ্র শিক্ষার্থীদের যাতে লেখাপড়ায় কোন সমস্যা না হয় এজন্য সরকারের পাশাপাশি সমাজের বিত্তবানদের এগিয়ে আসতে হবে।

তিনি বলেন, আমাদের সর্বপ্রথম মানুষ হতে হবে। সততা ও নিষ্ঠার সাথে নিজেদের দায়িত্ব ও কর্তব্য পালন করতে হবে।

সোমবার সকালে কুষ্টিয়ায় আর্থিকভাবে অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীর হাতে বই প্রদানকালে তিনি একথা বলেন।

তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, কঠোর পরিশ্রম করতে হবে। বড় চাকরি কিংবা বড় মানুষ হলে হবে না, বড় মনের মানুষ হতে হবে। আমাদের দেশের জন্য কাজ করতে হবে। দেশের মানুষের মাঝে শিক্ষার আলো ছড়িয়ে দিতে হবে।

পরে কুষ্টিয়া জেলা পরিষদের অর্থায়নে শিক্ষার্থীর হাতে বই তুলে দেন জেলা পরিষদ কুষ্টিয়ার প্রধান নির্বাহী কর্মকর্তা মুন্সী মোঃ মনিরুজ্জামান।